# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 27 June, 2025

এশিয়ান কাপ বাছাই খেলতে বাংলাদেশ নারী ফুটবল দল এখন অবস্থান করছে মিয়ানমারের ইয়াঙ্গুনে।সেখানে দলের তিনটি ম্যাচের সময় স্থানীয় সন্ধ্যা সাতটা এবং একটি বিকেল চারটায় হলেও, কোচ পিটার বাটলারের নির্দেশে প্রতিদিন সকাল সাতটা থেকে নয়টা পর্যন্ত অনুশীলন করছে বাংলাদেশ দল।

মাঠে নামার সময়ের সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য স্বাগতিক মিয়ানমার ও বাহরাইন দল যেখানে বিকেল ও সন্ধ্যায় প্রস্তুতি নিচ্ছে, সেখানে বাংলাদেশের সকাল সকাল অনুশীলন করানো বেশ প্রশ্নের জন্ম দিয়েছে। দলের কোচ এই সূচির পেছনে কোনো ব্যাখ্যা না দিলেও, সংশ্লিষ্টরা বলছেন—এটা কোচের একান্ত সিদ্ধান্ত।

দল পৌঁছানোর পর থেকেই মিয়ানমারে বৃষ্টির বাধা সত্ত্বেও নির্ধারিত সময়েই অনুশীলন চালিয়ে যাচ্ছে দল। অনুশীলন শেষে দলের সিনিয়র গোলরক্ষক রূপনা চাকমা বলেন, “আমরা গোল সেভের দায়িত্বে আছি।তিনটি ম্যাচেই ভালো খেলতে চাই।সবাই দোয়া করবেন।”

গোলরক্ষক কোচ মাসুদ উজ্জ্বল বলেন, “দক্ষিণ এশিয়ার চ্যাম্পিয়ন হিসেবে এখন এশিয়ায় নিজেদের প্রমাণ করতে হবে। সে অনুযায়ীই রূপনাদের প্রস্তুত করছি।”

বাংলাদেশের গ্রুপে রয়েছে মিয়ানমার, বাহরাইন এবং তুর্কমেনিস্তান। ২৫ জুন ইয়াঙ্গুনে পৌঁছানোর পর থেকেই বাংলাদেশ দল বৈরী আবহাওয়ার মধ্যেও নিয়মিত প্রস্তুতি নিচ্ছে।

এশিয়ান কাপ বাংলাদেশ নারী ফুটবল মিয়ানমার ইয়াঙ্গুন দক্ষিণ এশিয়া চ্যাম্পিয়ন বৈরী আবহাওয়া

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:45

URL: https://www.timestodaybd.com/public/sports/3802220303